# বাংলাদেশ কৃষি ব্যাংক

গণ মানুষের ব্যাংক

## আঞ্চলিক কার্যালয়, নড়াইল ।

ফোন : ০২৪৭৭-৭৭৩৪১৯, ০২৪৭৭-৭৭৩৬৩০; ই-মেইল : rmnarail@krishibank.org.bd


সূত্র নংঃ আঃকাঃ(নড়াইল)/ পরিচালন-১(অংশ-১)(শুদ্ধাচার)/২০২১-২০২২/৫৬০(৫)     তারিখ : ২৯.১২.২০২১ ইং।

### আঞ্চলিক নৈতিকতা কমিটির সভার কার্য বিবরনী ।

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়,নড়াইলে গঠিত আঞ্চলিক নৈতিকতা কমিটির সভা ২৯-১২-২০২১ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় আঞ্চলিক ব্যবস্থাপক, জনাব ফ.ম. খলিলুর রহমান এর সভাপতিত্বে আঞ্চলিক কার্যালয়,নড়াইলে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির নিম্নোক্ত সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

| ক্রঃনং: | কর্মকর্তার নাম | পদবী ও কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|
| ০১. | জনাব ফ.ম. খলিলুর রহমান | আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, নড়াইল। | সভাপতি |
| ০২. | জনাব অসিত কুমার সরকার | কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, নড়াইল। | সদস্য |
| ০৩. | জনাব অভিজিৎ কুমার দেবনাথ | কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, নড়াইল। | সদস্য |
| ০৪. | জনাব মোঃ আশরাফুল আলম | কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়,নড়াইল। | সদস্য |
| ০৫. | জনাব শেখ আলমগীর হোসেন | উর্দ্ধতন কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়,নড়াইল। | সদস্য সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

০২। সভায় নৈতিকতা কমিটির সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, প্রধান কার্যালয়ের নির্দেশে অত্র অঞ্চলে" আঞ্চলিক নৈতিকতা" কমিটি গঠন করা হয়েছে। তিনি শুদ্ধাচার কৌশল প্রনয়ন ও বাস্তবায়নে অত্র অঞ্চলের সকল কর্মকর্তা/ কর্মচারী আন্তরিক হবেন এমন আশাবাদ ব্যক্ত করেন।

০৩। সভায় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহন ও বাস্তবায়নের জন্য অত্র অঞ্চলের ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা/ কর্মচারীদেরকে পরামর্শ দেয়া হয়।

(ক) ব্যাংকের প্রচলিত বিধিবিধান পরিপালনের মাধ্যমে সকল কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে ।

(খ) নাগরিক কমিটির মাধ্যমে স্বল্প মেয়াদী কৃষি ঋণ আদায় ও বিতরন জোরদারকরণ এবং ঋণ খেলাপী রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন নিশ্চিত করতে হবে ।

(গ) ব্যাংকের অভ্যন্তরীন নিয়ন্ত্রন ও আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিত করতে হবে ।

(ঘ) ব্যাংকের সকল কর্মকান্ড কম্পিউটার প্রযুক্তির ব্যবহার জোরদার করতে হবে ।

(ঙ) বৃহৎ অংকের ঋন খেলাপীর সমস্যার সমাধানে কার্যকর ব্যবস্থা গ্রহন জোরদার করতে হবে ।

(চ) মানি লন্ডারিং প্রতিরোধ কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন নিশ্চিত করতে হবে।

(ছ) শাখার কর্মপরিবেশ সুশৃংখল রাখা এবং অভ্যন্তরীন ও বাহ্যিক সাজ সজ্জা দৃষ্টি নন্দন পর্যায়ে রাখার ব্যবস্থা গ্রহন এবং ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীর অফিসে নিয়মিত উপস্থিতি ও অবস্থান নিশ্চিত করতে হবে ।

(জ) শাখার দৃষ্টি গোচর স্থানে সততা ও নৈতিকতা বিষয়ে অভিযোগ বাক্স স্থাপন নিশ্চিত করতে হবে ।

(ঝ)BRPD-5' মোতাবেক "ঋণ পুনঃতফশীল ও এককালীন এক্সিট" এর আওতায় সুদ মওকুফকৃত ঋণের অবশিষ্ট টাকা আদায় অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। মওকুফকৃত ঋণের অবশিষ্ট টাকা যাতে দ্রুততম সময়ের মধ্যে আদায় সম্ভব হয় সে ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহনের পরামর্শ দেয়া হয়।

(ঞ) COVID-19'এর প্রাদুর্ভাবের কারণে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম শতভাগ স্বচ্ছতা ও নির্দিষ্ট সময়েরমধ্যে সম্পন্ন করার পরামর্শ দেয়া হয়।

(ট) শাখাসমুহ Online কার্যক্রম শুরুর প্রাক্কালে সকল ঋণ ও আমানত হিসাবের হিসাবায়নের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হতে হবে।

০৪। নৈতিকতা কমিটির সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়ন ও পরিপালনের জন্য অঞ্চলের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে পরামর্শ প্রদান পূর্বক সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

| শেখ আলমগীর হোসেন<br>সদস্য সচিব<br>শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>আঞ্চলিক নৈতিকতা কমিটি,<br>ও উর্দ্ধতন কর্মকর্তা<br>আঞ্চলিক কার্যালয়,নড়াইল | অভিজিৎ দেবনাথ<br>সদস্য<br>আঞ্চলিক নৈতিকতা কমিটি ও কর্মকর্তা<br>আঞ্চলিক কার্যালয়,নড়াইল। | মোঃ আশরাফুল আলম<br>সদস্য<br>আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>(কর্মকর্তা)<br>আঞ্চলিক কার্যালয়,নড়াইল | অসিত কুমার সরকার<br>সদস্য<br>আঞ্চলিক নৈতিকতা কমিটি ও কর্মকর্তা<br>আঞ্চলিক কার্যালয়,নড়াইল। | (ফ.ম. খলিলুর রহমান)<br>সভাপতি<br>আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>আঞ্চলিক ব্যবস্থাপক<br>আঞ্চলিক কার্যালয়,নড়াইল। |
|---|---|---|---|---|

সূত্র নং- আঃকাঃ(নড়াইল)/পরিচালন-১(অংশ-১)(শুদ্ধাচার)/২০২১-২০২২/৫৬০(১৬)     তারিখঃ ২৯.১২.২০২১ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপিঃ

০১। ষ্টাফ অফিসার,মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,বিভাগীয় কার্যালয়,খুলনা।

০২। উপ মহাব্যবস্থাপক,শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ,বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।

০৩। আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, নড়াইল।

০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,বিকেবি,আঞ্চলিক নিরীক্ষাকার্যালয়, নড়াইল।।

০৫। সকল শাখা ব্যবস্থাপক,বিকেবি,নড়াইল অঞ্চল,নড়াইল।

শেখ আলমগীর হোসেন
উর্দ্ধতন কর্মকর্তা